২০২৫

দ্বিতীয় সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : DSCC-2

(বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা - ১)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) বাংলাভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি? এবং কী কী? স্বরধ্বনিগুলির অবস্থান ও প্রকৃতি বিচার করো। ১+২+১২

*অথবা*

(খ) বাংলা শব্দভাণ্ডারে আগন্তুক ও নবগঠিত শব্দ কাকে বলে? উদাহরণসহ এগুলির বিস্তারিত পরিচয় দাও। ৫+১০

২। (ক) নিম্নলিখিত ***যে-কোনো তিনটি*** বিষয় সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো — ৫×৩

স্বরলোপ, অভিশ্রুতি, জোড়কলম শব্দ, ব্যঞ্জনাগম, নাসিক্যীভবন।

*অথবা*

(খ) বাংলা শব্দার্থ পরিবর্তনের কারণগুলি সংক্ষেপে আলোচনা করো। অর্থের প্রসার এবং অর্থের উৎকর্ষ কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫+১০

৩। (ক) বাংলা ব্যাকরণে পুরুষ কয় প্রকার? প্রকারভেদগুলির নাম লেখো। উদাহরণসহ যে-কোনো দুটি প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো। ২+৩+১০

*অথবা*

(খ) অব্যয় কাকে বলে? অব্যয়ের প্রকারভেদগুলির নাম লেখো। উদাহরণসহ যে-কোনো দুটি প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো। ২+৩+১০

৪। (ক) টীকা লেখো— অর্ধতৎসম শব্দ। ৫

*অথবা*

(খ) মূর্ধন্য ধ্বনি কাকে বলে? উদাহরণসহ আলোচনা করো। ৫

৫। (ক) রাঢ়ী উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৫

*অথবা*

(খ) মহাপ্রাণীভবন ও অল্পপ্রাণীভবন কাকে বলে উদাহরণসহ আলোচনা করো। ৫

৬। ***যে-কোনো একটি*** বিষয় সম্পর্কে আলোচনা করো — ৫×১

(ক) রূপক কর্মধারয় সমাস

(খ) পুরাঘটিত অতীত কাল।

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) একটি ঔষ্ঠ্য ধ্বনির উদাহরণ দাও।

(খ) বাক্স > বাস্‌ক ধ্বনি পরিবর্তনের কোন্ ধারার উদাহরণ?

(গ) বিদেশি তদ্ধিতপ্রত্যয় যোগে একটি শব্দ গঠন করো।

(ঘ) বাঁকুড়া জেলায় কোন উপভাষা প্রচলিত?

(ঙ) 'সুভাষণ'-এর একটি উদাহরণ দাও।

(চ) একটি অপিনিহিতির উদাহরণ দাও।

(ছ) বরেন্দ্রী উপভাষা ব্যবহৃত হয় এমন একটি জেলার নাম লেখো।

(জ) লিঙ্গ নির্ণয় করো— বই।

(ঝ) 'হস্তি' শব্দের লিঙ্গান্তর করো।

(ঞ) 'কার্তুজ' কোন্ বিদেশি ভাষা থেকে আগত শব্দ?

(ট) পুরাঘটিত বর্তমান কালের উদাহরণ দাও।

(ঠ) দেশি > দিশি কোন্ ধরনের স্বরসঙ্গতির উদাহরণ?

(ড) একটি ঘৃষ্ট ধ্বনির উদাহরণ দাও।

(ঢ) একটি অর্ধস্বর-এর উদাহরণ দাও।

(ণ) একটি ফারসি তদ্ধিতযুক্ত বাংলা শব্দের উদাহরণ দাও।